গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা-২ শাখা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৫১.২৭.০২২.২৬-১১১ তারিখঃ ৩০/০১/২০২৬ খ্রি.

বিষয়ঃ ডা: হিরন্ময় দত্ত (১১৪২৩৪), সহকারী অধ্যাপক (মেডিসিন), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা।

বিভাগীয় মামলা নং- ...১৮.../২০২৬।

অভিযোগনামা

যেহেতু আপনি ডা: হিরন্ময় দত্ত (১১৪২৩৪), সহকারী অধ্যাপক (মেডিসিন), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর লিয়েন সংরক্ষণের সরকারি আদেশ জারিকরণের লক্ষ্যে পূর্বশর্তাদি পূরণ এবং প্রয়োজনীয় সম্মতিপত্র/অঙ্গীকার প্রত্যয়ন দাখিল সাপেক্ষে স্বাস্থ্য সেবা বিভাগের এইচআর-২ শাখার ২২/০১/২০২৬ খ্রি. তারিখের ১৪১ নং স্মারকে যুক্তরাজ্যের Northampton General Hospital-এ Locum Consultant Acute Medicine হিসেবে চাকরি করার জন্য ছাড়পত্র গ্রহণের তারিখ হতে ০২ (দুই) বছরের লিয়েন মঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু আপনি পূর্ব শর্তাদি পূরণ এবং প্রয়োজনীয় সম্মতিপত্র/অঙ্গীকার প্রত্যয়ন দাখিল করেননি এবং আপনার অনুকূলে সরকারি আদেশ জারি করা যায়নি;

যেহেতু আপনার এইচআরআইএস পর্যালোচনা দেখা যায় আপনি ০১/০২/২০২৬ খ্রি. তারিখ হতে Northampton General Hospital-এ কর্মরত আছেন;

যেহেতু আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে, আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল। অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

৩০/০১/২০২৬
(ড. আ. ন. ম. বজলুর রশীদ)
সচিব

ডা: হিরন্ময় দত্ত (১১৪২৩৪)
সহকারী অধ্যাপক (মেডিসিন)
ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
স্থায়ী ঠিকানা: গ্রাম: বারাখাইন, পোস্ট: হাজিরহাট
উপজেলা: আনোয়ারা, জেলা: চট্টগ্রাম।

নং- ৪৫.০০.০০০০.১৫১.২৭.০২২.২৬-১১১/১(১১) তারিখঃ৩০/০৯/.২০২৬ খ্রি.

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর (নোটিশটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের অনুরোধসহ)।

২। যুগ্মসচিব (পারসোনেল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেজে সংরক্ষণ করার অনুরোধসহ)।

৪। অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম।

৫। সিভিল সার্জন, চট্টগ্রাম।

৬। উপ-পরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইল এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।

৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১০। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১১। অফিস কপি।

৩০/৯/২৬

(মোঃ আবু সুফিয়ান)
উপসচিব

অভিযোগ বিবরণী

ডা: হিরন্ময় দত্ত (১১৪২৩৪), সহকারী অধ্যাপক (মেডিসিন), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর লিয়েন সংরক্ষণের সরকারি আদেশ জারিকরণের লক্ষ্যে পূর্বশর্তাদি পূরণ এবং প্রয়োজনীয় সম্মতিপত্র/অঙ্গীকার প্রত্যয়ন দাখিল সাপেক্ষে স্বাস্থ্য সেবা বিভাগের এইচআর-২ শাখার ২২/০১/২০২৬ খ্রি. তারিখের ১৪১ নং স্মারকে যুক্তরাজ্যের Northampton General Hospital-এ Locum Consultant Acute Medicine হিসেবে চাকরি করার জন্য ছাড়পত্র গ্রহণের তারিখ হতে ০২ (দুই) বছরের লিয়েন মঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হয় এবং

তার পূর্ব শর্তাদি পূরণ এবং প্রয়োজনীয় সম্মতিপত্র/অঙ্গীকার প্রত্যয়ন দাখিল করেননি এবং তার অনুকূলে সরকারি আদেশ জারি করা যায়নি এবং

তার এইচআরআইএস পর্যালোচনা দেখা যায় তিনি ০১/০২/২০২৬ খ্রি. তারিখ হতে যুক্তরাজ্যের Northampton General Hospital-এ কর্মরত আছেন এবং

তার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ এবং

ডা: হিরন্ময় দত্ত এর উপর্যুক্ত কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গণ্য। এ কারণে তিনি অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

০৩/৩/২০২৬

(ড. আ. ন. ম. বজলুর রশীদ)
সচিব